EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 8802-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

যুক্তরাষ্ট্র দূতাবাসের আনুষ্ঠানিক ইফতার অনুষ্ঠানে রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের বক্তব্য

যুক্তরাষ্ট্র মিশন প্রধানের বাসভবন, ঢাকা
১২ই জুন, ২০১৬

আসসালামু আলাইকুম, শুভ সন্ধ্যা, রামাদান মুবারক।

আপনাদের সবাইকে স্বাগত এবং ধন্যবাদ আজকে রাতে আমাদের সাথে যোগ দেয়ার জন্য। আমি আনন্দিত আজকে আপনাদের সাথে ইফতার করতে পেরে।

সারা বিশ্বের মুসলমানরা এই মাসে একত্র হয় সৃষ্টিকর্তার প্রতি এবং একে অন্যের প্রতি তাদের দায়িত্ব পালনের প্রতিফলন করতে। রামাদান একটি আশীর্বাদের সময়; এ সময় পরিবার এবং বন্ধুদের সাথে সম্পর্ক দৃঢ় করার এবং যারা আমাদের সাথে ভুল কাজ করেছে তাদের সাথে শান্তির সম্পর্ক গড়ে তোলার। এ সময় দরিদ্রদের সাহায্য ও সুরক্ষা করার, তাদের বিশ্বাস বা অবস্থান নির্বিশেষে , এবং আমাদের সবার মাঝে মানবতার প্রতিফলন ঘটানোর সময়।

আমরা যখন রামাদানের মূল্যবোধের দিকে তাকাই , আমি অভিভূত হই সেগুলো বাংলাদেশের দৈনন্দিন জীবনে দেখতে পেয়ে। যে সব চমৎকার ব্যক্তির সাথে আমার এখানে পরিচয় হয়েছে তাদের কাছে সহানুভূতি, দান, প্রতিশ্রুতি শুধুমাত্র এইসব বিমূর্ত ধারণা নয়। এগুলো মনের গভীরে থাকা বিশ্বাস যা প্রাত্যহিক চর্চার ব্যাপার। যা সকল ধর্মীয় গোষ্ঠী বা জাতিগত ঐতিহ্যের ভেদাভেদ সরিয়ে দিয়েছে।

আমেরিকাতে, মুসলমান নাগরিকরা একে অপরের সাথে রামাদান পালন করে এবং কম ভাগ্যবানদের সেবা এবং অন্য ধর্মের প্রতি কার্যক্রমের আয়োজন করে যা পারস্পরিক গোষ্ঠীগুলোর মধ্যে সমঝোতা গড়ে তোলে। এবং প্রতি বছর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বার্ষিক হোয়াইট হাউজ ইফতার এর আয়োজন এবং অনন্য আমেরিকান মুসলমানদের অবদানের জন্য সম্মাননা প্রদান করেন।

বাংলাদেশের মত যুক্তরাষ্ট্রও একটি বহু ধর্মের দেশ যা সহিষ্ণুতা এবং সব ধর্মকে আলিঙ্গন করার সঙ্কল্পের ভিত্তি তৈরি করে দিয়েছে।

প্রায় এক বছর পর আমরা সবাই একত্র হয়েছি ইফতার ও রাতের খাবার একসাথে করার জন্য। অনেকভাবেই এটা একটা দীর্ঘ ও দু:খজনক বছর ছিল । বিদ্বেষপূর্ণ বক্তব্য, সহিংসতা ও চরমপন্থীদের হামলা এবং প্রচুর মানুষের উদবাস্তু থাকার ঘটনা পৃথিবীতে ক্রমে বাড়তে থাকা অসিহষ্ণুতরা ফল।

সুতরাং এটি অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ যে আমরা উভয় দেশের সকল ধর্মীয় মানুষের মধ্যে শান্তি, যোগাযোগ এবং সহনশীলতা বজায় রাখব। আমাদের এই প্রচেষ্টায় আমরা ভাগ্যবান, কেননা সারা বিশ্বজুড়ে ধর্মীয় বিশ্বাসগুলোর মূলনীতিতে এই শান্তি এবং সহনশীলতার ভিত্তি ইতোমধ্যেই রয়ে গেছে। সেই ভিত্তি হলঃ সৃষ্টিকর্তার প্রতি ভালবাসা ও প্রতিবেশীর প্রতি ভালবাসা।

আমাদের উভয় ধর্মই শান্তি ও ভাতৃত্বের কথা বলে। কুরানে বলা হয়েছে সৃষ্টিকর্তা আমাদের সৃষ্টি করেছেন এক পুরুষ ও এক নারী থেকে এবং বিভিন্ন জাতি ও কমিউনিটিতে বিভক্ত করেছেন যাতে আমরা পরস্পরকে জানতে পারি। একইভাবে বাইবেল আমাদের শিক্ষা দেয় প্রতিবেশীকে এমনভাবে ভালবাসতে যেভাবে আমরা নিজেকে ভালবাসি।

ইহুদি কৌতুকাভিনেতা বিলি ক্রিস্টাল তাঁর আজীবন মুসলিম বন্ধু পেশাদের মুষ্টিযোদ্ধা মুহাম্মাদ আলী (বাংলাদেশের সম্মানসূচক নাগরিক) সম্পর্কে যে প্রশংসাবানী দিয়েছেন সেখান থেকে আমি কিছু উদ্ধৃতি দিতে চাই। তাঁদের বন্ধুত্বের সূচনা হয়েছিল চলতি পথে, কিন্তু সেটি কিংবদন্তিতে পরিণত হয়েছিল। শান্তির বার্তা ছড়িয়ে দিতে তাঁরা উভয়েই কাজ করেছেন এবং তাঁদের বন্ধুত্বের ভিত্তি ছিল পারস্পরিক শ্রাদ্ধাবোধ।

ক্রিস্টাল আলীকে তুলনা করেছেন "বায়ু ফুঁড়ে বেরিয়ে আসা প্রকৃতিসৃষ্ট প্রচণ্ড বিদ্যুৎ চমকের সাথে। আলীকে তিনি বলেছেন, "শক্তি এবং সৌন্দর্যের আশ্চর্য এক সম্মিলন"।

ক্রিস্টাল বলে চলেন, "বিদ্যুৎ যখন চমকায়, তখন চারদিক এত বেশি আলোকিত হয়ে ওঠে যে আপনি সবকিছু পরিষ্কার দেখতে পান"।

ক্রিস্টাল বলেন, "আমেরিকার সবচেয়ে অন্ধকারাচ্ছন্ন রাতে হুমকি হয়ে ওঠা মেঘের বুকে আলী আঘাত করেছেন"।

"তাঁর শক্তির কাছে পরাক্রমশালী শত্রুও পরাজিত হয়েছে, এবং তাঁর আলোয় আলোকিত হয়েছে আমেরিকা যাতে করে আমরা পরিষ্কারভাবে দেখতে পাই অবিচার, বৈষম্য, দারিদ্র্য, গৌরব, আত্ম-উপলব্ধি, সাহসিকতা, হাসি, ভালবাসা, আনন্দ এবং সকলের জন্য ধর্মীয় স্বাধীনতা।

আলী আমাদের বাধ্য করেছেন নিজেদের দিকে তাকাতে। এই উদ্ধত তরুণ আমাদের রোমাঞ্চিত করেছেন, দ্বিধান্বিত করেছেন, আমাদের প্রতি চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন, কিন্তু শেষ পর্যন্ত তিনি পরিণত হয়েছেন একজন নীরব শান্তিদূত হিসেবে যিনি আমাদের শিখিয়েছেন জীবন সবচেয়ে সুন্দর তখন যখন আপনি মানুষের মধ্যে বিভেদ তৈরী না করে সম্প্রীতি স্থাপন করেন "।

রামাদানের শিক্ষা থেকে শিক্ষা নিয়ে আসুন আমরা শান্তি, একতা এবং ভ্রাতৃত্বকে ধারণ করি এবং আসুন আমরা চিন্তা করি এই মূল্যবান ধারনাগুলোকে পৃথিবীতে ছড়িয়ে দিতে আমরা কী করতে পারি।

সবাইকে রামাদানের শুভেচ্ছা।

==========